দৈনিক জনকণ্ঠ

24 MAR 2003
১৪ — ২

চট্টগ্রাম পলিটেকনিকে ছাত্রদল-শিবির সংঘর্ষ ভাংচুর

স্টাফ রিপোর্টার, *চট্টগ্রাম অফিস*

তুচ্ছ ঘটনাকে কেন্দ্র করে শনিবার মধ্যরাতে চট্টগ্রাম পলিটেকনিক ইনস্টিটিউটে চারদলীয় জোটের দুই ছাত্র সংগঠন ছাত্রদল ও শিবিরের মধ্যে ব্যাপক সংঘর্ষ হয়েছে। ভাংচুর হয়েছে প্রতিষ্ঠানের আবাসিক হল ও একাডেমিক ভবনের অন্তত ১৫টি কক্ষ। এ ঘটনায় ছাত্রদলের নেতাকর্মীসহ প্রায় ২০ জন আহত হয়। চপই কর্তৃপক্ষ রবিবার নির্ধারিত একট পরীক্ষা স্থগিত করে দেয়। ছাত্রদল ঘটনায় জড়িত শিবির ক্যাডারদের গ্রেফতারের দাবিতে রবিবার থেকেই অনির্দিষ্টকালের ধর্মঘট শুরু করেছে।

ঘটনার সূত্রপাত হয় শনিবার রাত ১২টার সময়। এ সময় ক্যাম্পাস অভ্যন্তরে সিরাজউদ্দৌলা হলের সামনে উচ্চৈঃস্বরে গান গাওয়া নিয়ে ছাত্রদল ও শিবিরের কর্মীদের মধ্যে কথা কাটাকাটি হয়। এর জের ধরে কিছুক্ষণ পর দুই ছাত্র সংগঠনের নেতাকর্মীরা সংঘর্ষে জড়িয়ে পড়ে। তবে ছাত্রদলের তরফে অভিযোগ করা হয়েছে, শিবির ক্যাডাররা সংঘবদ্ধ হয়ে ছাত্রদলকর্মীদের ওপর হামলা চালিয়েছে। শিবির ক্যাডাররা বিভিন্ন অস্ত্রশস্ত্রে সজ্জিত হয়ে এ হামলা চালায় বলে ছাত্রদল অভিযোগ করে। দুই সংগঠনের এই সংঘর্ষের সময় আবাসিক হলগুলোতে অবস্থানরত ছাত্রদের মধ্যে আতঙ্ক ছড়িয়ে পড়ে। সংঘর্ষের সময় সিরাজউদ্দৌলা হলে অন্তত ১২টি কক্ষ ভাংচুর হয়েছে বলে জানা গেছে। এ ঘটনায় আহত হয় অন্তত ২০ জন ছাত্র। যার অধিকাংশই ছাত্রদলের নেতাকর্মী। আহতদের মধ্যে মোহাম্মদ সুমন, এমকে আকাশ, শওকত আলি উজ্জ্বল, আবুল কালাম, আমানত হোসেন, নাসির উদ্দিন, ইরফান, হারুনুর রশীদ, সাইফুল ইসলামের অবস্থা গুরুতর। এদের মধ্যে প্রথমোক্ত দু'জনকে চমেক হাসপাতালে, এবং অন্যদের নগরীর বিভিন্ন ক্লিনিকে ভর্তি করা হয়েছে।

আহত ২০ ॥ অনির্দিষ্টকালের জন্য ধর্মঘট আহ্বান

এদিকে এ ঘটনার জের ধরে রবিবার ছাত্রদল ক্যাম্পাসে বিক্ষোভ মিছিল, সমাবেশ করে। ছাত্রদল নেতা ইসমাইলের সভাপতিত্বে অনুষ্ঠিত সমাবেশ থেকে ঘটনায় জড়িত শিবির ক্যাডারদের গ্রেফতার দাবি করা হয়। এ ছাড়া ছাত্রদল নেতৃবৃন্দ রবিবার নির্ধারিত দু'টি মিডটার্ম পরীক্ষা পিছানোর জন্য প্রতিষ্ঠান প্রধানের কাছে দাবি জানান। তবে এর বিরোধিতা করে শিবির নেতৃবৃন্দ। তারা পরীক্ষা অব্যাহত রাখার পক্ষে মত দেয়। কিন্তু ছাত্রদল নেতাদের দাবি– শিবিরের হামলায় তাদের অনেক নেতাকর্মী আহত হয়ে হাসপাতালে চিকিৎসাধীন থাকায় পরীক্ষা দিতে পারবে না। এ পরিস্থিতিতে পুনরায় উত্তেজনা সৃষ্টি হয়। এ সময় দু'দলের মধ্যে ধাওয়া পাল্টাধাওয়ার এক পর্যায়ে একাডেমিক ভবনের ৩টি কক্ষ ভাংচুর হয়। উদ্ভূত পরিস্থিতিতে পলিটেকনিক কর্তৃপক্ষ দুপুরে নির্ধারিত পরীক্ষাটি স্থগিত করে দেয়। অন্যদিকে ছাত্রদল শিবির ক্যাডারদের গ্রেফতারের দাবিতে রবিবার থেকে অনির্দিষ্টকালের ধর্মঘটের ডাক দেয়। অবশ্য এ বিষয়ে বক্তব্য জানার জন্য পলিটেকনিকে যোগাযোগ করা হলেও দায়িত্বশীল কাউকে পাওয়া যায়নি। এ ছাড়া বুলশী থানা-পুলিশও ঘটনা সম্পর্কে বিস্তারিত জানে না বলে জানিয়েছে। তারা বলেছে, সামান্য ঘটনা। মীমাংসা হয়ে গেছে। থানায় কেউ অভিযোগ করেনি।

—জনকণ্ঠ

চট্টগ্রাম : শিবিরের হামলায় গুরুতর আহত দুই ছাত্রদল নেতা